(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

প্রধান প্রকৌশলী (পুর), মনিটরিং এর দপ্তর

পানি ভবন, ৭২ গ্রীন রোড,ঢাকা-১২০৫।

www.bwdb.gov.bd

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.১৬.০০৩.২১.১৮১ তারিখ: ৮ কার্তিক ১৪২৯

২৪ অক্টোবর ২০২২

বিষয়: **আসন্ন ঘূর্ণিঝড় "সিত্রাং" মোকাবেলায় বাপাউবো'র উপকূলীয় এলাকাসমূহে বেড়ীবাঁধের ভাঙ্গনরোধে ঝুঁকিপূর্ণ স্থানসমূহ চিহ্নিতকরণ, নিবিড় তদারকি নিশ্চিতকরণ ও ঘূর্ণিঝড় মোকাবেলায় মাঠপর্যায়ে সার্বিক প্রস্তুতি গ্রহণ প্রসঙ্গে।**

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের সর্বশেষ তথ্যানুযায়ী পূর্ব-মধ্যবঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিম-মধ্যবঙ্গোপসাগর এলাকায় অবস্থানরত ঘূর্ণিঝড় "সিত্রাং" উত্তর দিকে অগ্রসর হয়ে একই এলাকায় অবস্থান করছে। সর্বশেষ পূর্বাভাস অনুসারে ঘূর্ণিঝড়টি গত মধ্যরাতে (২৩ অক্টোবর,২০২২) পায়রা সমুদ্রবন্দর হতে ৬০০ কি.মি. দক্ষিণ-দক্ষিণপশ্চিমে অবস্থান করছিল। ঘূর্ণিঝড়টি আগামী ২৫ অক্টোবর ভোর/সকাল নাগাদ বাংলাদেশের বরিশাল ও চট্টগ্রাম এলাকা দিয়ে উপকূল অতিক্রম করতে পারে। উপকূলীয় এলাকাসমূহে বেড়ীবাঁধ স্থানীয় জনসাধারণের ফসল ও জানমাল রক্ষার্থে ঢাল হিসেবে কাজ করে। ঘূর্ণিঝড় এর প্রভাবে বেড়ীবাঁধে ভাঙ্গনজনিত কারণে জনসাধারণের জানমাল তথা গুরুত্বপূর্ণ স্থাপনাসমূহকে রক্ষা করার নিমিত্ত এখনই বাঁধের ঝুঁকিপূর্ণ স্থানসমূহ চিহ্নিত করে নিবিড় তদারকি করা প্রয়োজন। আসন্ন ঘূর্ণিঝড় পরিস্থিতি মোকাবেলা এবং বেড়ীবাঁধের ভাঙ্গান হতে জানমাল তথা স্থানীয় গুরুত্বপূর্ণ স্থাপনা রক্ষার্থে সার্বিক প্রস্তুতি গ্রহণ করা প্রয়োজন যাহা গত ২২.১০.২০২২খ্রিঃ অনুষ্ঠিত সভায় (অনলাইন মিটিং) বিস্তারিত আলোচনা ও নির্দেশনা প্রদান করা হয়েছিল। ঘূর্ণিঝড় সিত্রাং এর প্রভাবে উপকূলীয় এলাকাসমূহে ভারী বৃষ্টিপাত অব্যহত রয়েছে। ঘূর্ণিঝড় পরবর্তীতে উক্ত ভারী বৃষ্টিপাতের প্রেক্ষিতে উপকূলীয় এলাকাসহ সারাদেশের নদ-নদীতে পানি বৃদ্ধি পেয়ে নদীতীরে ভাঙ্গনের সৃষ্টি হতে পারে। নদীতীরের ভাঙ্গনের বিষয়ে সার্বক্ষনিক নজরদারি অব্যাহত রাখতে হবে।

এখানে উল্লেখ্য যে, ঘূর্ণিঝড় "সিত্রাং" এর কারণে বাপাউবো'তে কর্মরত সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীগণের সকল প্রকার ছুটি সাময়িকভাবে বাতিল করা হলো। বাপাউবো'র সকল কর্মকর্তা ও কর্মচারীগণকে স্ব-স্ব কর্মস্থলে উপস্থিত থেকে এ পরিস্থিতি মোকাবেলায় সক্রিয় অংশগ্রহণের জন্যও নির্দেশনা প্রদান করা হলো।

এমতাবস্থায়, আসন্ন ঘূর্ণিঝড় মোকাবেলায় বাপাউবো'র উপকূলীয় এলাকাসমূহে বেড়ীবাঁধের ভাঙ্গনরোধে ঝুঁকিপূর্ণ স্থানসমূহ চিহ্নিতকরণসহ মাঠপর্যায়ে ঘূর্ণিঝড় মোকাবেলার সার্বিক প্রস্তুতি গ্রহণ ও বেড়ীবাঁধের ঝুঁকিপূর্ণ স্থানসমূহ নিবিড় তদারকি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

মহাপরিচালক, বাপাউবো মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ পত্র প্রেরণ করা হলো।

২৪-১০-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)
ফোন: ০২-২২২২৩০১০০
ইমেইল:
ce.monitoring@bwdb.gov.bd

প্রধান প্রকৌশলী, বাপাউবো,
রাজশাহী/রংপুর/ফরিদপুর/বরিশাল/খুলনা/ঢাকা/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট

স্মারক নম্বর: ৪২.০১.০০০০.০০৭.১৬.০০৩.২১.১৮১/১(৭)

তারিখ: ৮ কার্তিক ১৪২৯
২৪ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) অতিরিক্ত মহাপরিচালক (পুর্ব রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
২) অতিরিক্ত মহাপরিচালক (পশ্চিম রিজিয়ন), বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৩) সিএসও টু মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড।
৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৫) মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, উপমন্ত্রীর দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়
৬) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পানি সম্পদ মন্ত্রণালয়।
৭) সিনিয়র সিস্টেম এনালিষ্ট (অতিরিক্ত দায়িত্ব), কেন্দ্রীয় আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড (দপ্তরাদেশটি বাপাউবো'র ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

২৪-১০-২০২২
মোঃ রফিকুল ইসলাম চৌবে
অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পুর)